R. N. No. 2532/57 Phone No. 66-228, STD 03483 Regd. No.—WB/MSD—4

V. I. P.
ALFA স্যুটকেস
এখন তিন বছরের
গ্যারাণ্টিতে পাচ্ছেন
অনুমোদিত ডিলার :
প্রভাত ষ্টোর
রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )
ফোন : ৬৬০৯৩

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )
স্থাপিত : ১৯১৪

উপহারে দেবেন
বাড়ীর ব্যবহারে নেবেন
হকিন্স প্রেসার কুকার
সব থেকে বিক্রী বেশি
অনুমোদিত ডিলার :
প্রভাত ষ্টোর
দুলুর দোকান
রঘুনাথগঞ্জ দরবেশপাড়া

৮৪শ বর্ষ
২০শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ১৪ই আশ্বিন বুধবার, ১৪০৪ সাল।
১লা অক্টোবর, ১৯৯৭ সাল।
নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## জঙ্গিপুর সাবজেলকা কিস্‌সা
## আর কতদিন জনগণের টাকা ভুতে লুটবে

নিজস্ব সংবাদদাতা : গত ১৯৯৬ এর ফেব্রুয়ারীতে জঙ্গিপুর সাবজেলের সংস্কার কাজ শুরু হয়। সেই পরিপ্রেক্ষিতে কয়েদীদের বহরমপুর জেলে স্থানান্তরিত করা হয়। তখন থেকেই শুরু হয় এখানকার বিচারাধীন কয়েদীদের বহরমপুর জেলে রাখার ব্যবস্থা। এবং বিচারের দিন তাদের কোর্টে নিয়ে আসা, আবার নিয়ে যাওয়া বহরমপুরে। পি, ডাব্লু, ডি ছ' মাসের মধ্যে কাজ শেষ করার প্রতিশ্রুতি দিলেও দীর্ঘ সময় অতিক্রান্ত, আজও সাবজেলে কয়েদী রাখার গ্রীণ সিগন্যাল দেখা যাচ্ছে না। এ ব্যাপারে খোঁজ নিতে গিয়ে জানা যায় প্রতিদিন বহরমপুর থেকে দুটো পুলিশভ্যান কয়েদী নিয়ে কোর্টে আসে ও ফিরে যায়। দুটো ভ্যানে ১০ জন পুলিশ পাহারা থাকে। দুটো পুলিশ ভ্যানের তেল খরচ ইত্যাদি বাবদ অর্থ ছাড়াও দশজন পুলিশের বেতন ভাতা ও টি, এ, নিয়ে এখন পর্যন্ত প্রায় ১০ লাখ টাকা নাকি খরচ হয়ে গিয়েছে। এছাড়া আসামীদের জামিনের জন্য মুভ করার ব্যাপারে এ্যাডভোকেটদের এমনকি বিচারককেও অসুবিধা ভোগ করতে হচ্ছে। ডি, আই, জি ( প্রিজন ) প্রশ্নের (শেষ পৃষ্ঠায়)

## জঙ্গিপুরে সোমেনপন্থী ও মমতাপন্থী কংগ্রেসে জোর লড়াই

জঙ্গিপুর : জঙ্গিপুর শহরে ও গ্রামগুলিতে সোমেনপন্থী কংগ্রেস এবং মমতাপন্থী তৃণমূল কংগ্রেসে জোর তরজা লড়াই শুরু হয়েছে। চারিদিকে চলছে মিটিং, মিছিল কর্মীসভা। জঙ্গিপুরে তৃণমূলের মূল সংগঠক লড়াকু নেতা তানজিলুর রহমান তাঁর বাহিনী নিয়ে ঝাঁপিয়ে পড়েছেন সংগঠন শক্ত করতে। আবার সোমেনপন্থীরা চেষ্টা চালিয়ে যাচ্ছে সংগঠনকে ধরে রাখতে। মূল কংগ্রেসের জিদে বিধায়ক হবিবুর রহমান, বিজয় সিংহ রায়, জয়কুমার জৈনের মতো হেভি ওয়েট কংগ্রেস নেতারা আছেন। আবার, তৃণমূলে আছে সিপিএমের বিরুদ্ধে মাঠে প্রকাশ্যে অবিরত লড়াই করা কংগ্রেস কর্মীরা। গত ২৮ সেপ্টেম্বর মিঠিপুর গিরিয়া স্কুলে তৃণমূলের কর্মীসভা হয়। প্রচুর কংগ্রেসকর্মী সভায় হাজির ছিলেন। আবার সেদিনই মিঠিপুরে পাটের মূল্যবৃদ্ধির দাবিতে কংগ্রেসের জনসভায় পঞ্চায়েত (৩য় পৃষ্ঠায়)

## প্রাক্তন সাংসদের পুত্রের বিরুদ্ধে অর্থ আত্মসাতের অভিযোগে গ্রামবাসীরা সোচ্চার

সাগরদীঘি : এই ব্লক এর চর কাবিলপুর থেকে মনিগ্রাম বটতলা পর্যন্ত রাস্তাটি সম্পূর্ণ সংস্কার করে মোড়াম ফেলার জন্য সাংসদের কোটা থেকে ৯ লাখ ৮৫ হাজার ৭০০ টাকা মঞ্জুর হয়। এই কাজের ভার পান প্রাক্তন সাংসদ জয়নাল আবেদিনের পুত্র স্বপন আবেদিন ও বিডিও অফিসের জনৈক কর্মী। গ্রামবাসীদের অভিযোগ ইতিমধ্যে চার কিস্তিতে বিডিও অফিস থেকে ১ লাখ ৭০ হাজার টাকা স্বপন আবেদিনকে দেওয়া হলেও যে কাজ হয়েছে তাতে ৫ শতাংশও টাকা খরচ হয়নি বলে গ্রামবাসীরা জানান। এ ব্যাপারে ভিজিল্যান্স তদন্তের দাবী উঠেছে।

## চোরাই রেশম সুতো উদ্ধার

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ ২ ব্লকের মিঠিপুর গ্রামের পানানগর থেকে রঘুনাথগঞ্জ থানার সাব-ইনসপেক্টর দীপক দাস গোপন-সূত্রে খবর পেয়ে ৩৫ কিলো বিদেশী রেশম সুতোসহ দু'জন বাংলাদেশীকে হাতেনাতে ধরে ফেলেন গত ২৮ সেপ্টেম্বর। গত ১৬ সেপ্টেম্বর সম্মতিনগর সংলগ্ন বহড়া ঘাটে হানা দিয়ে ও-সি দিলীপ হাজরা ও এস, আই দীপক দাস ৯০ কেজি বিদেশী রেশম সুতো উদ্ধার করেন। চোরাচালানকারীরা (শেষ পৃষ্ঠায়)

## রেশনিং ব্যবস্থা কি উঠে যাচ্ছে ?

বিশেষ সংবাদদাতা : সারা দেশের সঙ্গে পঃ বঙ্গেও রেশনিং ব্যবস্থা সঙ্কুচিত হচ্ছে বলে শোনা যাচ্ছে। গত বাজেটে আলোচনা-কালীন রেশম ব্যবস্থার সঙ্কোচন নিয়ে কথা-বার্তা হয়। ঠিক হয় আগামী খরিফ ফসলের পরপরই দারিদ্র্য সীমার নীচে বসবাস-কারীদের সস্তা দরে চাল গম সরবরাহ ছাড়া বর্তমান রেশনিং ব্যবস্থা তুলে দেওয়া হবে। রাজ্যস্তরেও সেই নীতি নেওয়া হবে বলে জানা যায়। তা যদি হয় তবে (শেষ পৃষ্ঠায়)

## সিপিএমের সাংগঠনিক সম্মেলন

জঙ্গিপুর : আগামী ফেব্রুয়ারীতে রাজ্য সম্মেলনকে সামনে রেখে সিপিএম তাদের নীচু স্তরের সাংগঠনিক সম্মেলন করছে। জঙ্গিপুর পৌর কমিটির সম্মেলন হ'ল জঙ্গিপুর হাইস্কুলে ১৪ সেপ্টেম্বর। নতুন লোকাল কমিটি হল। ৪ জন সদস্য বেড়ে কমিটিতে ১৮ জন সদস্য হয়েছে। ৪ জন পুরাতন সদস্যকে বাদ দেওয়া হয়েছে নিষ্ক্রিয়তার জন্য লোকাল কমিটির সম্পাদক হয়েছেন মহঃ গিয়াসুদ্দিন। আগে তিনি এল, ও, সি-র সম্পাদক ছিলেন। ১৩ সেপ্টেম্বর [শেষ পৃষ্ঠায়

বাজার খুজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার ?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পারিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার ॥
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৪ই আশ্বিন বুধবার, ১৪০৪ সাল।

## সুগারকোটেড কুইনাইন

সুগারকোটেড কুইনাইন কথাটির অর্থ তিক্ততাকে চিনির মোড়ক দিয়া আচ্ছাদন করা। বর্তমানে ভারতবর্ষে যে রাজনীতির গণতান্ত্রিকতা চলিতেছে তাহাকে বলা যায় গণতন্ত্রকোটেড ফ্যাসিজম্। অর্থাৎ গণতান্ত্রিক মোড়ক লাগাইয়া ফ্যাসিজম্‌কে চালু করা। কেন্দ্রে বা বেশ কয়েকটি রাজ্যে শাসন রজ্জু যাহারা ধারণ করিয়া আছেন তাঁহারা বহু কৌশল অবলম্বন করিয়া গণতান্ত্রিক নীতির মোড়ক লাগাইয়া সংখ্যালঘু দলগুলি একত্রিত হইয়া এক নয়া ফ্যাসিবাদ চালু করিয়াছেন। তাহার উপর বর্তমান রাজনীতিকদের মধ্যে অনেকেই দুর্নীতিগ্রস্ত হইয়াও মাফিয়া শক্তিকে নিজ স্বার্থে কাজে লাগাইয়া গণতান্ত্রিক ভোটে জয়লাভ করিয়া রাষ্ট্রনায়ক হইয়া উঠিতেছেন। বিচার বিভাগ এখনও সজাগ থাকিলেও শাসন বিভাগের দ্বারা বিশেষ বাধাপ্রাপ্ত হইতেছেন। গণতান্ত্রিক রীতিনীতির প্রধান অঙ্গ হইল কোন রাষ্ট্রনায়ক বা নির্বাচিত গণপ্রতিনিধির বিরুদ্ধে কোন প্রকার অনৈতিক কার্য্যকলাপের অভিযোগ থাকিলে এবং যদি তাহা বিচার-বিভাগ কর্তৃক বিচারের জন্য গৃহীত হয় তবে সেই আদেশের পরিপ্রেক্ষিতে নেতৃত্ব হইতে বা রাষ্ট্রনায়কের পদ হইতে বিচারে নিরপরাধ প্রতিপন্ন না হওয়া পর্যন্ত সরিয়া দাঁড়ানো। কিন্তু বর্তমানে কেহই তাহা সঠিক মান্য করিতেছেন না। বরং তাঁহাদের স্তাবক-কুলকে লইয়া ফ্যাসিষ্ট কায়দায় গদি দখল করিয়া থাকিতেছেন। উপর তলায় তো আছেই, সম্প্রতি নিচের তলার প্রশাসনেও এই অবস্থা দৃষ্ট হইতেছে। সম্প্রতি জঙ্গিপুর মহকুমায় ধুলিয়ান পৌরসভা লইয়া যে অবাঞ্ছিত অবস্থা দৃষ্ট হইতেছে তাহাকে ফ্যাসিষ্ট কায়দায় গণতন্ত্রের জয় বলিয়া দেখাইবার চেষ্টা চলিতেছে। বেশ কিছু দিন ধরিয়াই এই পুরসভায় গোলমাল চলিতেছিল। ইহার কারণ কিন্তু নীতিহীন রাজনৈতিক আচার আচরণ এবং যেন তেন শাসকদলের গদি দখলে প্রচেষ্টার ফল। বিগত পুর-নির্বাচনে এমন এক বিচিত্র দলগত অবস্থা হইয়াছিল যে কোন দলই বোর্ড গঠন করিতে অপারগ হয়। ফলে আরম্ভ হয় নীতিহীনতার খেলা। শাসকদল সিপিএম নানা ক্ষমতার অপকৌশলে তিনজন নির্দলের মধ্যে একজনকে চেয়ারম্যান ও অপরজনকে ভাইস-চেয়ারম্যান করিয়া ক্ষমতা দখল করে। কিন্তু এই অশুভ আঁতাত খোঁড়াইয়া চলিতেছিল। চেয়ারম্যান সম্পূর্ণ সিপিএম নির্ভর হইয়া চলিতে চাহিলেন না। গণতন্ত্রের কোট গায়ে দিয়া বিজেপি, কংগ্রেস, সকলেই ফ্যাসিষ্ট খেলা শুরু করিলেন। তারই জেরে শাসকদল শেষ পর্যন্ত মরিয়া হইয়া ২৭ আগষ্ট পুরসভায় মিটিং চলাকালীন তাঁহাদের গণবাহিনী (ফ্যাসিষ্টবাহিনী) লইয়া মিটিং গৃহে চড়াও হইলেন এবং অভিযোগ উঠিয়াছে যে পিস্তল দেখাইয়া চেয়ারম্যানকে পদত্যাগ-পত্র লেখাইয়া লইয়াছেন। চেয়ারম্যান এই ব্যাপারে উর্ধ্বতন মহলে ও থানায় অভিযোগ জানাইলেও কোন তদন্ত শুরু হয় নাই। শাসক দল এই অগণতান্ত্রিক আচরণকে গণতান্ত্রিকীকরণে সচেষ্ট হইয়া গত ২৩ সেপ্টেম্বর ভাইস চেয়ারম্যানকে দিয়া এক জরুরী সভা ডাকিয়া নিজেদের সমর্থকদের সর্বসম্মতিক্রমে উক্ত পদত্যাগপত্র গ্রহণ বলিয়া গণ্য করান। এবং ২৯ সেপ্টেম্বর চেয়ারম্যান নির্বাচনের দিন ঘোষণা করেন। শাসক দল বলিতেছেন গণতান্ত্রিক নীতির ইহা এক ঐতিহাসিক জয়। কিন্তু জনগণ দেখিতেছেন—'গণতান্ত্রিকতার প্রলেপে ফ্যাসিজম্' —'সুগারকোটেড কুইনাইন।'

## সাঁতার প্রতিযোগিতা আর-এস-পির বার্ষিক মিলনোৎসব
## সি-পি-এমের অনুষ্ঠান বর্জন

নিজস্ব প্রতিবেদক : গত ৩১ আগষ্ট রাত্রে বহরমপুরে ছোট লালদীঘির পাশে বিরাট প্যাণ্ডেলে এ বছরের বিশ্বের দীর্ঘতম ৮১ কিমি ও ১৯ কিমি সাঁতার প্রতিযোগিতার সমাপ্তি অনুষ্ঠান আরএসপির বার্ষিক মিলনোৎসবের মাধ্যমে সম্পন্ন হ'ল। ঐ দিন সকাল ৫ টায় আহিরণ ব্যারেজ ঘাটে মোট ২০ জন সাঁতারু সাঁতার প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা ছাড়াও মহারাষ্ট্র, গুজরাট, ত্রিপুরা এবং প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশ থেকেও প্রতিযোগীরা অংশ গ্রহণ করেন। ৮১ কিমি প্রতিযোগিতায় গত বারের প্রথম স্থানাধিকারী বহরমপুর সুইমিং ক্লাবের সদস্য জগন্নাথ সাহা এবারেও প্রথম হন। ১৯ কিমিতে পুরুষ বিভাগে প্রথম হন বাংলাদেশের আসাদুজ্জামান ও মহিলা বিভাগে কনক বিশ্বাস।

এ বছরের সন্তরণ প্রতিযোগিতা জেলায় তেমন সাড়া ফেলতে পারেনি। এই সাঁতারকে ঘিরে অতীতে জেলার মানুষের মধ্যে যে উৎসাহ ও উদ্দীপনা দেখা যেত, তা ক্রমশঃ স্তিমিত হয়ে আসছে মূলতঃ তীব্র রাজনৈতিক দলবাজীতে বলে বহু ক্রীড়ানু-রাগী মন্তব্য করেন। অভিযোগ—এবারের সাঁতার প্রতিযোগিতা আরএসপি দলের বার্ষিক মিলনোৎসবে পর্যবসিত হয়েছে। আরএসপি ও কংগ্রেসের যৌথ ভূমিকায় এবারের প্রতিযোগিতা সম্পন্ন হওয়ায় সিপি-এম স্বভাবতই ক্ষুব্ধ। তাই তারা গোঁসা করে অনুষ্ঠান পুরোপুরি বর্জন করে। ক্রীড়ামন্ত্রী সুভাষ চক্রবর্তী ও জেলার মন্ত্রী আনিসুর রহমানসহ রাজ্যের পাঁচজন মন্ত্রী, ক্রীড়া সচিব কেউ আসেননি। ছিলেন আর-এসপির সেচ ও জলপথ দপ্তরের মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়, জেলা শাসক সৌরভ দাস ও পুলিশ সুপার মৃত্যুঞ্জয় সিংহ। জেলা পরিষদের সভাধিপতি সিপিএমের নৃপেন চৌধুরীও অনুষ্ঠান বর্জন করেন। সিপিএমের অভিযোগ যেখানে টাকা পয়সার কোন অভাব থাকে না, যে সব অনুষ্ঠানকে ঘিরে যখন কোন প্রতিবন্ধকতা থাকে না, তখন আরএসপি দল অন্য দলের কথা চিন্তা করে না। অপরদিকে কোন সঙ্কটকালে, আর্থিক অপ্রতুলতায় বামফ্রণ্টের কোন কিছু আটকে গেলে তবেই তারা সিপিএমের দ্বারস্থ হয়। তাই অনুষ্ঠানকে ঘিরে শুরু থেকে শেষ পর্যন্ত একটা চাপা ঠাণ্ডা রাজনৈতিক লড়াই অনুভব করা যায়। অন্যদিকে শেষ প্রতিযোগী পৌঁছান পর্যন্ত ঘটে কমিটির তরফ থেকে কেউই রিসিভ করতেছিলেন না। কমিটিতে মূলতঃ আরএসপির সংগঠন তরুণতীর্থের সদস্যদেরই প্রধান ভূমিকায় দেখা যায়। মুর্শিদাবাদ জেলা স্পোর্টস এ্যাসোসিয়েশন এখন সিপিএমের দখলে। অন্যদিকে মুর্শিদাবাদ সুইমিং এ্যাসোসিয়েশন আরএস-পির দখলে।

## বৃত্তি নিয়ে বিদেশ যাত্রা

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ বালিঘাটা নিবাসী জঙ্গিপুর পুরসভার প্রাক্তন পুরপতি প্রয়াত প্রাণগোপাল চট্টোপাধ্যায়ের দ্বিতীয় পুত্র সতীনাথ চট্টোপাধ্যায়ের একমাত্র পুত্র সৌরভ চট্টোপাধ্যায় ইকোনমিক্সে ডক্টরেটের জন্য সম্প্রতি আমেরিকা যাত্রা করেছেন। সৌরভ কৃতিত্বের সঙ্গে যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক হওয়ার পর দিল্লী স্কুল অফ ইকোনমিক্সে মাষ্টার ডিগ্রি লাভ করেন। তিনি আমেরিকায় ফ্লোরিডা ষ্টেট ইউনিভার-সিটিতে বৃত্তিসহ চার বছরের জন্য ভর্তি হয়েছেন। স্কুল স্তরে সৌরভ নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন আবাসিক বিদ্যালয়ের ছাত্র ছিলেন।

### পাইপগান ও দু' রাউণ্ড গুলি উদ্ধার– গ্রেপ্তার এক

রঘুনাথগঞ্জ : গত ২২ সেপটেম্বর স্থানীয় থানার সাবইন্সপেক্টর দীপক দাসের তৎপরতায় দফরপুর ঘাটে জনাব আলী নামে জনৈক ব্যক্তি ধরা পড়ে। তার কাছ থেকে একটি পাইপগান ও দু'রাউণ্ড গুলি উদ্ধার হয়। উল্লেখ্য ১৯৯৫ এ জনাব ঐ একই অপরাধে গ্রেপ্তার হয়েছিল।

### বিমা সপ্তাহ পালন

রঘুনাথগঞ্জ : ভারতে রাষ্ট্রায়ত্ত বীমাক্ষেত্রের ৪১ বছর উপলক্ষে আয়োজিত বীমা সপ্তাহ '৯৭ উদযাপন করলেন ভারতীয় জীবনবীমা নিগমের রঘুনাথগঞ্জ শাখার কর্তৃপক্ষ গত ১ সেপ্টেম্বর থেকে ৬ সেপ্টেম্বর পর্যন্ত। এই উপলক্ষে জীবনবীমা নিগমের উপর প্রদর্শনী, স্থানীয় স্কুল ছাত্রছাত্রীদের মধ্যে প্রশ্নোত্তর, আবৃত্তি এবং সংগীত প্রতিযোগিতার আয়োজন করা হয়।

### কংগ্রেসে জোর লড়াই ( ১ম পৃষ্ঠার পর )

সমিতির সভাপতি বিজয় সিংহরায় বক্তব্য রাখেন। কয়েকদিন আগে বরজে সোমেনপন্থী কংগ্রেসের এক জনসভায় কংগ্রেসকর্মীদের ভীড় হয়। রঘুনাথগঞ্জ ২নং ব্লক কংগ্রেস সভাপতি অরবিন্দ সিংহরায় জানান, বিধায়ক হবিবুর রহমান কংগ্রেস বিরোধী তৃণমূলে যাচ্ছেন না বা মদত দিচ্ছেন না। যারা জঙ্গিপুরে তৃণমূলে যাচ্ছে তারা সিপি-এমের দালাল বা ভুল বুঝে যাচ্ছে। জঙ্গিপুরে তৃণমূলের সংগঠক যুব নেতা তাজিলুর রহমানকে এ ব্যাপারে জানতে চাইলে বলেন, তৃণমূল কংগ্রেসকে শক্তিশালী করতেই গঠিত হয়েছে, বিচ্ছিন্ন কোন সংগঠন নয়। বরং, যারা আমাদের নামে কুৎসা ছড়াচ্ছে, তারাই এতদিন গোপনে সিপিএমের সঙ্গে বোঝাপড়া করে রাজনীতি করে এসেছে। সিপিএমের কাছে নানান আর্থিক সুবিধা এবং সাহায্য পেয়ে এসেছে। তারা বাবুর মতো বাড়িতে পা নাচিয়ে রাজনীতি করত। মিটিং, মিছিল বা সংগঠন বাড়াতে সময় দিত না। এরা কংগ্রেসের শত্রু। বিধায়ক হবিবুর রহমানকে তৃণমূলে যোগ দিচ্ছেন কিনা এ ব্যাপারে জানতে চাইলে বলেন, আমি তৃণমূলে যাচ্ছি না।

*কি কিনবেন কোথায় কিনবেন*

## পুজোয় চাই বাটার জুতো

পুজোর সর্বাঙ্গীণ আনন্দ বাড়িয়ে তুলে পরিবারের সকলের মুখে হাসি ফোটাতে চাই জুতো। আর জুতোর জগতে সেরা নাম একটাই '*বাটা*'। *বাটা*র সবরকম জুতোর সমারোহ আমাদের এখানে, এই শহরেই। আসুন পছন্দসই *বাটার* জুতো কিনুন। টেকসই, পছন্দসই, মানানসই সব বয়সের জন্য।

Bata

*অনুমোদিত ডিলার–*

**অরিজিৎ দে**

*( ভি. আই পি দুলুর দোকানের পাশে )*

রঘুনাথগঞ্জ দরবেশপাড়া

## ETDC

( A unit of Govt. of West Bengal )

**Stands for Quality & Reliability**




### শোক সংবাদ

গত ৫ই আশ্বিন ( ইং ২২/৯/৯৭ ) সোমবার বেলা ১০-৪০ মিনিটে আমাদের পরমারাধ্যা মাতৃদেবী রেবা দাস (৬০) আমাদিগকে শোক-সাগরে ভাসাইয়া চিরশান্তি লাভ করিয়াছেন। আমরা তাঁহার আত্মার চিরশান্তি কামনা করি এবং তিনি যেন চিরকাল কৃষ্ণালোকে বিরাজ করেন প্রার্থনা করি।

গুণগ্রাহী—পুত্রগণ—মিলন ও মোহনকুমার দাস।
কন্যাগণ—মীরা সরকার, মিতা ও মহুয়া দাস। (বিঃ)
রঘুনাথগঞ্জ দরবেশপাড়া, মুর্শিদাবাদ

### আনন্দ সংবাদ

জঙ্গীপুর জনকল্যাণ সমিতি ও যুবগোষ্ঠী ক্লাবের যৌথ উদ্যোগে আগামী ১৮/১০/৯৭ তারিখ হতে হাই মাদ্রাসা বড়বাগান মাঠে বহিরাগত টীম সমন্বয়ে স্যার আবদুল হালিম গজনবী স্মৃতি রানিং কাপ ফুটবল প্রতিযোগিতা শুরু হতে চলেছে। অংশগ্রহণে জুনিয়ার মহামেডান (কলিকাতা), চন্দননগর, রাণাঘাট, পলাশী, রায়গঞ্জ, সিউড়ী, আজিমগঞ্জ, ফরাক্কা প্রভৃতি। (বিঃ)

### সারা ভারত ছাত্র ব্লকের কলেজ ইউনিট গঠন

জঙ্গিপুর : গত ১১ সেপটেম্বর স্থানীয় কলেজে সারা ভারত ছাত্র ব্লকের জঙ্গিপুর কলেজ ইউনিট গঠিত হলো। ২১ জনকে নিয়ে কার্য্যকরী কমিটি গঠিত হয়। মিনহাজুদ্দিন সেখ, শিবশঙ্কর দাস, রাজু সেখ, অজয়কুমার আগরওয়াল-কে যথাক্রমে সভাপতি, সহ-সভাপতি, সম্পাদক ও সহসম্পাদক নির্বাচিত করা হয়।

### বাড়ী বিক্রয়

জঙ্গীপুর মহকুমার অন্তর্গত এলাকার সংলগ্ন বাবুবাজারের একশতক জায়গার উপর একটি পাকা গৃহ দোকান বাড়ী বিক্রয় হইবে। উপযুক্ত দামে ক্রয় করিলে যোগাযোগ করুন।

যোগাযোগের ঠিকানা—
**আমিনুল ইসলাম**
হাটতলা, পোঃ রামপুরহাট
( বীরভূম )

**সাংগঠনিক সম্মেলন** (১ম পৃষ্ঠার পর)

সম্মেলন উপলক্ষ্যে প্রকাশ্য জনসভায় ভাষণ দেন নৃপেন চৌধুরী, মৃগাঙ্ক ভট্টাচার্য, গিয়াসুদ্দিন। মিঠিপুর লোকাল কমিটির সম্মেলন হল ২১ সেপ্টেম্বর। ফরমেজ আলি এল, সি, এস হিসেবে আবার দায়িত্ব পেয়েছেন। ১৪ জনের কমিটিতে পুরোনো ৪ জন বাদ গিয়েছেন নিষ্ক্রিয়তার কারণে। নতুন ৪ জন এসেছেন। পরে আরও ৪ জনকে নেওয়া হবে। ২০ সেপ্টেম্বর সম্মেলন উপলক্ষ্যে মিঠিপুর প্রাইমারী স্কুলে জনসভায় ভাষণ দেন তুষার দে, মৃগাঙ্ক ভট্টাচার্য, গিয়াসুদ্দিন, ফরমেজ আলি।

**রেশনিং ব্যবস্থা কি উঠে যাচ্ছে?** ( ১ম পৃষ্ঠার পর )

খাদ্য সরবরাহ দপ্তরের প্রায় ৩৬ হাজার কর্মী এই রাজ্যে উদ্বৃত্ত ঘোষিত হবে বলে আশংকা। কেন্দ্রীয় সিদ্ধান্ত অনুযায়ী রাজ্য সরকারও কর্মী সঙ্কোচন নীতি গ্রহণ করেছেন বলে খবর। ইতি-মধ্যেই পঞ্চম বেতন কমিশনও কেন্দ্রীয় কর্মীর লক্ষ লক্ষ পদ তুলে দিয়ে কর্মী নিয়োগ বন্ধ করার পরামর্শ দিয়েছেন সরকারকে। এর ফলে শুধু কর্মচ্যুতি নয়, বেকার সমস্যাও ভয়াবহ হয়ে উঠবে। এই সমস্যার বিরুদ্ধে কর্মীরা আন্দোলনের কথা চিন্তা করছেন। ইতিমধ্যেই মেদিনীপুর প্রভৃতি বিভিন্ন জেলা থেকে খাদ্য দপ্তরের কর্মী সংগঠনগুলি আন্দোলন শুরু করেছেন বলে খবর পাওয়া যাচ্ছে। বিশেষ করে রেশনিং সম্বন্ধে নয়া ফরমানজারী হবার আশংকায় খাদ্য দপ্তরের কর্মী সংগঠনগুলি এই গণ-বিরোধী ব্যবস্থার প্রতিবাদে আন্দোলন সংগঠিত করতে কর্মীদের আবেদন জানিয়েছেন।

**চোরাই রেশম সুতো উদ্ধার** ( ১ম পৃষ্ঠার পর )

মাল ফেলে পালিয়ে যায়। চীন, ভিয়েতনাম থেকে বাংলাদেশ হয়ে ঐ উৎকৃষ্ট রেশম সুতো জঙ্গিপুরের বিভিন্ন চোরাচালান ঘাট দিয়ে এপারে আসে এবং ঐ চোরাইমাল দু' নম্বরী ব্যবসায়ীদের মাধ্যমে মির্জাপুর হয়ে কলকাতা, বেনারস চলে যায়। এর দাম ১৩০০ টাকা কেজি।

**জনগণের টাকা ভূতে লুটবে** ( ১ম পৃষ্ঠার পর )

মুখে কয়েকবারই 'হলো বলে' প্রতিশ্রুতি দিলেও কাজের কাজ কিছু হয়নি। আর পি, ডাব্লু, ডি এ ব্যাপারে কোন উত্তরই দিতে চায় না। বোঝা যাচ্ছেনা আসল গলদ কোথায়? বৃথা টাকা খরচের সুযোগ কেন দেওয়া হচ্ছে সে রহস্যই বা কি?

**বিশেষ আকর্ষণ ঃ** বিভিন্ন ডিজাইনের পছন্দ ও টেকসই ছাপা শাড়ী।



আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিণ্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।

## বাঘিড়া ননী এণ্ড সন্স

মির্জাপুর ।। গনকর

ফোন নং ঃ গনকর ৬২০২৯

মহাপুজায় সকলের জন্য আমরা—

## রঘুনাথগঞ্জ ব্লক নং-১
## রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ

( হ্যাণ্ডলুম ডেভেলপমেণ্ট সেণ্টার )

রেজিঃ নং—২০ ✱ তারিখ—২১-২-৮০

গ্রাম মির্জাপুর ।। পোঃ গনকর ।। জেলা মুর্শিদাবাদ

ফোন নং—৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী, প্রিণ্ট শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়। পুজোর বিশেষ আকর্ষণ ২০% সরকারী ছাড়।

✪ সততাই আমাদের মূলধন ✪

জয়ন্ত বাঘিড়া — সভাপতি
ধনঞ্জয় কাদিয়া — ম্যানেজার
অচিন্ত্য মনিয়া — সম্পাদক

আপনাদের সেবায় দীর্ঘ পনের বছর যাবৎ নিয়োজিত

## ✚ অন্নপূর্ণা হোমিও ক্লিনিক ✚

রঘুনাথগঞ্জ ★ ফুলতলা ★ মুর্শিদাবাদ

( সবজী বাজারের বিপরীত দিকে )

প্রোঃ প্রখ্যাত হোমিও চিকিৎসক— ডাঃ সাহা

ডি. এম. এস ( কলি ), পি. ই. টি (ডাব্লু, টি), এফ. ডাব্লু. টি ( আই. আর. সি. এস )

এখানে বিদেশী ঔষধ ও অত্যাধুনিক যন্ত্রপাতি দ্বারা সুচিকিৎসার ব্যবস্থা আছে। পেটের আলসার, কিডনির পাথর, বন্ধ্যা, কানের পুঁজ, পোলিও এবং প্যারালিসিস রোগের চিকিৎসা গ্যারাণ্টি সহকারে করা হয়।

হ্যাপকো এবং জার্মানীর হোমিও ঔষধ, সার্জিক্যাল, ডেন্টাল ও সর্বপ্রকার ডাক্তারী ইনষ্ট্রুমেন্ট ও পার্টস, মেডিক্যাল পুস্তক, ডাক্তারী লেদার ব্যাগ, টিঞ্চার ও কেমিক্যাল গ্রুপের ঔষধ, ফার্ষ্ট এড বক্স-এর সকলপ্রকার ঔষধ পাওয়া যায়।

বিঃ দ্রঃ—হারনিয়াল বেল্ট, এল, এস, বেল্ট, সারভাইক্যাল কলার, কানের ভল্যুম কনট্রোল মেসিন ইত্যাদিও পাওয়া যায়।

দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ ) পিন ৭৪২২২৫ হইতে স্বত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।